

# ANM GNM PYQ 2024

বিগত বছরের প্রশ্ন

জীবন বিজ্ঞান



30 টি প্রশ্ন



ও সঙ্গে বিস্তারিত  
ব্যাখ্যা



PDF DOWNLOAD

পিডিএফ ডাউনলোড করুন



# আজকের ক্লাসে কী কী শিখব?

এই ফ্রি PDF টি তৈরি করা হয়েছে আপনাদের পরীক্ষার প্রস্তুতিকে আরও সহজ, স্মার্ট এবং কার্যকর করার জন্য। এখানে আমরা সিলেবাস অনুযায়ী গুরুত্বপূর্ণ প্রশ্ন, পূর্ববর্তী বছরের প্রশ্ন (PYQ) এবং পরীক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ টপিকগুলো সহজভাবে তুলে ধরেছি।

এই PDF-এ যা থাকছে —

- ✓ Previous Year Question & Answers
- ✓ Important Questions
- ✓ Quick Revision Points
- ✓ Explanation

“এই PDF টি ভালোভাবে অনুশীলন করলে তোমার Preparation একধাপ নয়, অনেকটাই এগিয়ে যাবে।”

 SUBSCRIBE

 SUBSCRIBE

যখন গবেষণাগারে ইনসুলিন প্রস্তুত করা হয়, তখন সেই পদ্ধতিকে বলে \_\_\_\_\_।

[A] জেনেটিক ইঞ্জিনিয়ারিং

[B] মাইক্রোপ্রোপাগেশন

[C] বায়োঅ্যাসে

[D] এগুলির সবকটি

✓ সঠিক উত্তর: [A] জেনেটিক ইঞ্জিনিয়ারিং

**Explanation** → গবেষণাগারে বা শিল্পক্ষেত্রে ইনসুলিন তৈরির আধুনিক পদ্ধতিটি হলো Recombinant DNA Technology, যা জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এর একটি অংশ। এই পদ্ধতিতে মানুষের ইনসুলিন উৎপাদনকারী জিনকে E. coli নামক ব্যাকটেরিয়ার প্লাজমিড ডিএনএ-তে প্রবেশ করানো হয়।

আমাদের শরীরের নিম্নলিখিত কোন যৌগটি ফ্যাটে দ্রব্য?

- [A] টোকোফেরল      [B] থায়ামিন  
[C] নিয়াসিন          [D] রাইবোফ্ল্যাভিন

✓ সঠিক উত্তর: [A] টোকোফেরল

**Explanation** → ভিটামিন মূলত দুই প্রকারের হয়- ফ্যাটে দ্রবণীয় এবং জলে দ্রবণীয়। ফ্যাটে দ্রব্য ভিটামিন- ভিটামিন A, D, E এবং K। এখানে টোকোফেরল হলো ভিটামিন E-এর রাসায়নিক নাম, তাই এটি ফ্যাটে দ্রবণীয়। জলে দ্রবণীয় ভিটামিন হলো থায়ামিন (B1), নিয়াসিন (B3) এবং রাইবোফ্ল্যাভিন (B2) হলো।

নিম্নলিখিত কোন নাইট্রোজেনযুক্ত ক্ষারটি ডিএনএ তে থাকে না?

- [A] থাইমিন                      [B] ইউরাসিল  
[C] অ্যাডেনিন                 [D] সাইটোসিন

✓ সঠিক উত্তর: [B] ইউরাসিল

**Explanation** → DNA-তে থাকে: অ্যাডেনিন (A), গুয়ানিন (G), সাইটোসিন (C) এবং থাইমিন (T)।  
RNA-তে থাকে: অ্যাডেনিন (A), গুয়ানিন (G), সাইটোসিন (C) এবং ইউরাসিল (U)।

নিম্নলিখিত কোন পরিপাককারী উৎসেচকটি আল্লিক মাধ্যমে কাজ করতে পারে?

- [A] ট্রিপসিন                      [B] পেপসিন  
[C] ইরেপসিন                    [D] রেনিন

✓ সঠিক উত্তর: [B] পেপসিন

**Explanation** → পেপসিন- পাকস্থলীতে ক্ষরিত হয়। রেনিন- এটিও পাকস্থলীতে থাকে (মূলত শিশুদের ক্ষেত্রে)। এটিও আল্লিক মাধ্যমে দুধের প্রোটিন জমাট বাঁধতে সাহায্য করে। ট্রিপসিন ও ইরেপসিন- এরা ক্ষুদ্রান্ত্রে কাজ করে, যেখানে মাধ্যমটি ক্ষারীয় হয়। আল্লিক মাধ্যমে এরা সক্রিয় থাকতে পারে না।

নিম্নলিখিত কোন যৌগটি যকৃতে হিমোগ্লোবিন থেকে উৎপন্ন হয় না?

- [A] হিম                      [B] বিলিরুবিন  
[C] বিলিভার্ডিন        [D] লেসিথিন

✓ সঠিক উত্তর: [D] লেসিথিন

**Explanation** → লেসিথিন হলো এক ধরণের ফসফোলিপিড বা ফ্যাট জাতীয় পদার্থ, যা কোষের পর্দায় থাকে এবং পিত্তরসে পাওয়া যায়। এটি হিমোগ্লোবিন ভেঙে তৈরি হয় না।

EXAM BANGLA PUBLICATION PRESENTS:

# ANM GNM 2026 - FREE ONLINE MOCK TESTS

৫টি  
ফ্রি টেস্ট

পরীক্ষা ২০২৬:  
প্রস্তুতি শুরু করুন

1



অনলাইনে  
বাড়িতে বসে দিন  
যেকোনো সময়, যেকোনো  
জায়গা থেকে

2



সাথে সাথে রেজাল্ট  
ও স্কোর কার্ড  
সঠিক উত্তর ও প্রোগ্রেস চেক

3



র‍্যাঙ্ক লিস্ট  
প্রকাশিত হবে  
আপনার পজিশন জানুন দেশজুড়ে

4



ফ্রি পিডিএফ  
ডাউনলোড:  
উত্তর ও ব্যাখ্যা সহ  
সম্পূর্ণ সমাধান ও ডিটেইলস

প্রিপারেশন সহজেই

অংশ নিতে হোয়াটসঅ্যাপে জয়েন করুন



হোয়াটসঅ্যাপে জয়েন করুন

অনলাইনে জয়েন করতে আমাদের গ্রুপে যুক্ত হন  
স্থান করুন বা লিংকে ক্লিক করুন



বর্তমানে ভারতবর্ষে কয়টি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র আছে?

[A] 3

[B] 4

[C] 5

[D] 7

✓ সঠিক উত্তর: [D] 7 টি

**Explanation** → তারাগুর (মহারাষ্ট্র), কাইগা (কর্ণাটক), কাকরাপাড় (গুজরাট), কালপঙ্কম (তামিলনাড়ু), কুদানকুলাম (তামিলনাড়ু), নারোরা (উত্তরপ্রদেশ), রাওয়াতভাতা (রাজস্থান)।

সঠিক ক্রমটি নির্বাচন করো।

[A] উদ্দীপক → গ্রাহক → মোটর নিউরোন → কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র → সেনসরি নিউরোন → কারক → সাড়া

[B] উদ্দীপক → গ্রাহক → সেনসরি নিউরোন → কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র → মোটর নিউরোন → কারক → সাড়া

[C] উদ্দীপক → কারক → মোটর নিউরোন → কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র → সেনসরি নিউরোন → গ্রাহক → সাড়া

[D] উদ্দীপক → কারক → সেনসরি নিউরোন → কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র → মোটর নিউরোন → গ্রাহক → সাড়া

✓ সঠিক উত্তর: [B] উদ্দীপক → গ্রাহক → সেনসরি নিউরোন → কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র → মোটর নিউরোন → কারক → সাড়া

**Explanation** → একটি স্নায়বিক প্রতিক্রিয়ার সঠিক প্রবাহ পথ হলো:

উদ্দীপক- বাইরে থেকে আসা কোনো সংকেত (যেমন-গরম হওয়া)।

গ্রাহক- দেহের যে অঙ্গ উদ্দীপনা গ্রহণ করে (যেমন- ত্বক)।

সেনসরি নিউরোন- সংজ্ঞাবহ স্নায়ু যা বার্তাকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে নিয়ে যায়।

কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র- মস্তিষ্ক বা সুষুম্নাকাণ্ড যেখানে বার্তা বিশ্লেষণ হয়।

মোটর নিউরোন- আজ্ঞাবহ স্নায়ু যা নির্দেশ বয়ে নিয়ে আসে।

কারক- যেখানে নির্দেশ পৌঁছায় (যেমন- পেশি বা গ্রন্থি)।

সাড়া- চূড়ান্ত প্রতিক্রিয়া (যেমন- হাত সরিয়ে নেওয়া)।

কোনটি কোশচক্রের কোনো চেক পয়েন্ট নয়?

[A] G1→S

[B] G2→M

[C] M→G1

[D] S

✓ সঠিক উত্তর: [D] S

**Explanation** → S দশা নিজেই একটি দশা যেখানে ডিএনএ সংশ্লেষণ ঘটে, এটি কোনো চেক পয়েন্ট নয়।

নিম্নলিখিত কোনটি একটি খাদ্য-শৃঙ্খল গঠন করে?

- [A] ঘাস, গম এবং আম
- [B] ঘাস, ছাগল এবং মানুষ
- [C] ছাগল, গরু এবং হাতি
- [D] ঘাস, মাছ এবং ছাগল

✓ সঠিক উত্তর: [B] ঘাস, ছাগল এবং মানুষ

**Explanation** → একটি খাদ্য-শৃঙ্খল গঠিত হয় উৎপাদক এবং বিভিন্ন স্তরের খাদকদের নিয়ে, যেখানে শক্তি এক স্তর থেকে অন্য স্তরে প্রবাহিত হয়। এখানে ঘাস হলো উৎপাদক। ছাগল হলো প্রাথমিক খাদক (তৃণভোজী), যে ঘাস খায়। মানুষ হলো গৌণ খাদক (সর্বভুক), যে ছাগলের মাংস খায়।

নিম্নলিখিত কোনটি স্ত্রী-মানবদেহের জননতন্ত্রের অংশ নয়?

- [A] ডিম্বাশয়                      [B] জরায়ু  
[C] ভাস ডিফারেঞ্জ            [D] ফ্যালোপিয়ান টিউব

✓ সঠিক উত্তর: [C] ভাস ডিফারেঞ্জ

**Explanation** → ডিম্বাশয়, জরায়ু এবং ফ্যালোপিয়ান টিউব হলো স্ত্রী-জননতন্ত্রের প্রধান অংশ। অন্যদিকে, ভাস ডিফারেঞ্জ বা শুক্রনালি হলো পুরুষ-জননতন্ত্রের একটি অংশ, যা শুক্রাশয় থেকে শুক্রাণু বহন করে নিয়ে যায়।

নিম্নলিখিত গ্রুপগুলির মধ্যে কোনটি অ্যামাইনো অ্যাসিডে থাকে না?

[A] -COOH

[B] -OH

[C] -NH<sub>2</sub>

[D] -CN

✓ সঠিক উত্তর: [D] -CN

**Explanation** → অ্যামাইনো অ্যাসিডের গঠনে প্রধানত তিনটি কার্যকরী মূলক বা গ্রুপ থাকে- অ্যামিনো গ্রুপ (-NH<sub>2</sub>) যা ক্ষারীয় প্রকৃতির। কার্বক্সিল গ্রুপ (-COOH)- যা আম্লিক প্রকৃতির।

নিম্নলিখিত গ্রন্থিগুলির মধ্যে কোনটি থেকে থাইরক্সিন নিঃসৃত হয়?

- [A] পিটুইটারি                      [B] অ্যাড্রেনাল  
[C] শুক্রাশয়                        [D] থাইরয়েড

✓ সঠিক উত্তর: [D] থাইরয়েড

**Explanation** → থাইরয়েড গ্রন্থি- ঘাড়ের ল্যারিংস-এর নিচে অবস্থিত এই গ্রন্থি থেকে থাইরক্সিন হরমোন নিঃসৃত হয়, যা শরীরের বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণ করে।

পিটুইটারি- একে প্রভু গ্রন্থি বলা হয়, এখান থেকে TSH, STH ইত্যাদি নিঃসৃত হয়।

অ্যাড্রেনাল- এখান থেকে অ্যাড্রেনালিন হরমোন নিঃসৃত হয়।

শুক্রাশয়- এখান থেকে টেস্টোস্টেরন হরমোন নিঃসৃত হয়।

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটির সাথে স্বেয়ান কোশ সম্পর্কিত?

- [A] ডেনড্রাইট                      [B] অ্যাক্সন  
[C] কোশদেহ                      [D] সাইন্যাপ্স

✓ সঠিক উত্তর: [B] অ্যাক্সন

**Explanation** → নিউরনের দীর্ঘ প্রবর্ধক বা অ্যাক্সন-এর ওপর যে মায়োলিন সিদ থাকে, তার গঠনের সাথে স্বেয়ান কোশ সরাসরি যুক্ত। যা স্নায়ু উদ্দীপনা দ্রুত পরিবহনে সহায়তা করে।

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি মানুষের নিষ্ক্রিয় অঙ্গ?

- [A] অগ্ন্যাশয়      [B] যকৃৎ  
[C] অ্যাপেনডিক্স      [D] পিত্তথলী

✓ সঠিক উত্তর: [C] অ্যাপেনডিক্স

**Explanation** → অ্যাপেনডিক্স- এটি মানুষের সিকামের সাথে যুক্ত একটি সরু থলি যা বর্তমানে কোনো পরিপাক কাজে লাগে না (তৃণভোজী প্রাণীদের ক্ষেত্রে এটি সেলুলোজ হজমে সাহায্য করে)। মানুষের অন্যান্য নিষ্ক্রিয় অঙ্গের উদাহরণ হলো- ককসিক্স (লেজের হাড়), চোখের নিকটিটেটিং পর্দা এবং কানের পেশি।

আমাদের লক্ষ্য শুধুমাত্র প্রশ্ন দেওয়া নয়, বরং আপনাকে এমনভাবে প্রস্তুত করা যাতে আপনি আত্মবিশ্বাসের সাথে পরীক্ষায় বসতে পারেন এবং সফল হতে পারেন।

পশ্চিমবঙ্গের মধ্যে সর্বপ্রথম এইধরনের বই!

বেস্ট সেলার প্র্যাকটিস সেট বই

**ANM GNM 2026 এর জন্য Practice Set Book**

**বইটির বিশেষ বৈশিষ্ট্য:**

- ✓ 32 টি সম্পূর্ণ প্র্যাকটিস সেট (Category 1 & 2).
- ✓ 5 টি Previous Year Question Paper (সমাধানসহ)
- ✓ 15 টি OMR শিট (বাস্তব পরীক্ষার অনুশীলনের জন্য)
- ✓ Performance Evaluation ও Progress Graph
- ✓ FREE General Knowledge Booklet

ইতিমধ্যেই হাজার হাজার ছাত্রছাত্রী এই বই ব্যবহার করছে

**BUY NOW**



(+91) 8001650019

Exam বাংলা™  
PUBLICATION

**ANM & GNM 2026**

প্র্যাকটিস সেট

with

**FREE GK 10/10 BOOKLET**



পায়রার দেহে বায়ুথলীর সংখ্যা হল \_\_\_\_\_।

[A] 7 টি

[B] 7 জোড়া

[C] 9 জোড়া

[D] 9 টি

✓ সঠিক উত্তর: [D] 9 টি

**Explanation** → পায়রা একটি খেচর প্রাণী। ওড়ার সময় দেহকে হালকা রাখার জন্য এবং অতিরিক্ত অক্সিজেনের জোগান নিশ্চিত করতে পায়রার ফুসফুসের সাথে 9 টি বায়ুথলী যুক্ত থাকে। এই বায়ুথলীগুলো পায়রাকে দীর্ঘক্ষণ ক্লান্তিহীনভাবে উড়তে সাহায্য করে।

## নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাক্টেরিয়া কোনটি?

- [A] E. Coli                      [B] Bacillus  
[C] Rhizobium                  [D] Helicobacter

✓ সঠিক উত্তর: [C] Rhizobium

**Explanation** → বায়ুমণ্ডলের মুক্ত নাইট্রোজেনকে মাটিতে মেশানোর প্রক্রিয়াকে নাইট্রোজেন সংবন্ধন বলে। Rhizobium হলো একটি মিথজীবী ব্যাক্টেরিয়া যা শিষিগোত্রীয় উদ্ভিদের (যেমন- মটর, ছোলা) মূলে অর্বুদ তৈরি করে বসবাস করে এবং সরাসরি বায়ু থেকে নাইট্রোজেন শোষণ করে উদ্ভিদের সরবরাহ করে।

নিম্নলিখিত কোনটি বায়োম্যাগনিফিকেশন-এর কারণ?

- [A] বায়ুদূষণ      [B] জলদূষণ  
[C] আলোক-দূষণ    [D] শব্দ দূষণ

✓ সঠিক উত্তর: [B] জলদূষণ

**Explanation** → DDT, পারদ এই বিষাক্ত পদার্থগুলো মূলত কলকারখানা বা চাষের জমি থেকে ধুয়ে গিয়ে জলাশয়ে মেশে এবং জলদূষণ ঘটায়। এরপর তা মাছ ও অন্যান্য জলজ প্রাণীর মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করে।

নিম্নলিখিত কোন সূত্রের জন্য মেন্ডেল বিখ্যাত?

[A] কোশ থিওরি

[B] উত্তরাধিকার সূত্র

[C] লিংকেজ থিওরি

[D] অরিজিন অফ স্পিসিস

✓ সঠিক উত্তর: [B] উত্তরাধিকার সূত্র

**Explanation** → মেন্ডেলকে 'বংশগতিবিদ্যার জনক' বলা হয়। তিনি মটর গাছের ওপর দীর্ঘ পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে বংশগতির দুটি প্রধান সূত্র প্রদান করেন- পৃথকীকরণ সূত্র এবং স্বাধীন বিন্যাস সূত্র, যা একত্রে উত্তরাধিকার সূত্র নামে পরিচিত।

## প্রাকৃতিক অক্সিন কোনটি?

[A] 2, 4-D

[B] NAA

[C] IAA

[D] IPA

✓ সঠিক উত্তর: [C] IAA

**Explanation** → উদ্ভিদে মূলত দুই ধরনের অক্সিন দেখা যায়- প্রাকৃতিক এবং কৃত্রিম।

IAA- এটি হলো উদ্ভিদের প্রধান প্রাকৃতিক অক্সিন যা উদ্ভিদের বর্ধনশীল অংশে তৈরি হয়।

নিম্নলিখিত মস্তিষ্কের কোন অংশটি শরীরের ভারসাম্য রক্ষা করে?

- [A] সেরেব্রাম                      [B] সেরিবেলাম  
[C] হাইপোথ্যালামাস        [D] পন্থ

✓ সঠিক উত্তর: [B] সেরিবেলাম

**Explanation** → সেরিবেলাম- এটি পশ্চাৎ মস্তিষ্কের অংশ এবং এর প্রধান কাজ হলো দেহের ভারসাম্য রক্ষা করা এবং পেশির টান বা ঐচ্ছিক চলন নিয়ন্ত্রণ করা।

সেরেব্রাম- এটি বুদ্ধি, স্মৃতি, চিন্তা এবং বিচারশক্তি নিয়ন্ত্রণ করে।

হাইপোথ্যালামাস- এটি শরীরের তাপমাত্রা, ক্ষুধা, তৃষ্ণা এবং আবেগ নিয়ন্ত্রণ করে।

পন্থ- এটি শ্বাসক্রিয়া এবং মস্তিষ্কের বিভিন্ন অংশের মধ্যে সংকেত আদান-প্রদানে সাহায্য করে।

ছত্রাকের কোশপ্রাচীরে কোন পদার্থটি উপস্থিত থাকে?

- [A] সেলুলোজ      [B] কাইটিন  
[C] হেমিসেলুলোজ      [D] পেকটিন

✓ সঠিক উত্তর: [B] কাইটিন

**Explanation** → কাইটিন- এটি একটি জটিল পলিস্যাকারাইড যা ছত্রাকের কোশপ্রাচীরের প্রধান উপাদান। এটি ছত্রাককে দৃঢ়তা প্রদান করে।

সেলুলোজ- এটি মূলত উন্নত উদ্ভিদের কোশপ্রাচীরে পাওয়া যায়।

পেক্টিন- এটি উদ্ভিদের প্রাথমিক কোশপ্রাচীর এবং মধ্যপর্দায় থাকে।

হেমিসেলুলোজ- এটিও উদ্ভিদ কোশপ্রাচীরের একটি গঠনগত উপাদান।

দুটি পৃথক জীবের মধ্যে সংকরায়ণকে বলে \_\_\_\_\_।

- [A] টেস্ট ক্রস                      [B] ব্যাকক্রস  
[C] হেটেরোসিস                [D] হাইব্রিডাইজেশন

✓ সঠিক উত্তর: [D] হাইব্রিডাইজেশন

**Explanation** → হাইব্রিডাইজেশন- যখন দুটি জিনগতভাবে ভিন্ন বা পৃথক বৈশিষ্ট্যের জীবের মধ্যে কৃত্রিমভাবে মিলন বা জনন ঘটানো হয়, তখন সেই প্রক্রিয়াকে হাইব্রিডাইজেশন বলে। এর ফলে উৎপন্ন জীবকে 'সংকর' বলা হয়।

টেস্ট ক্রস- কোনো জীবের জিনোটাইপ জানার জন্য সেটিকে প্রচ্ছন্ন হোমোজাইগাস জীবের সাথে মিলন ঘটানো।

ব্যাকক্রস- অপত্য জনুর সঙ্গে জনিতৃ জনুর যেকোনো একটির মিলন ঘটানো।

নিউক্লিওসোমের কেন্দ্রে কোন প্রোটিন উপস্থিত থাকে?

- [A] হিস্টোন                      [B] অ্যালবুমিন  
[C] গ্লোবিউলিন                [D] কোলাজেন

✓ সঠিক উত্তর: [A] হিস্টোন

**Explanation** → নিউক্লিওসোমের কেন্দ্রে ৪ টি হিস্টোন প্রোটিন অণু থাকে। হিস্টোন প্রোটিনগুলি মূলত স্ফারীয় প্রকৃতির হয়। অন্যদিকে, অ্যালবুমিন ও গ্লোবিউলিন হলো রক্তরসের প্রোটিন এবং কোলাজেন হলো যোজক কলার প্রোটিন।

নিম্নলিখিত কোন উদ্ভিদ গোষ্ঠী স্পার্মাটোফাইট নয়?

- [A] জিন্মোস্পার্মস [B] মোনোকটস  
[C] টেরিডোফাইটস [D] ডাইকটস

✓ সঠিক উত্তর: [C] টেরিডোফাইটস

**Explanation** → স্পার্মাটোফাইট- যেসব উদ্ভিদ বীজ উৎপন্ন করে তাদের স্পার্মাটোফাইট বা সপুষ্পক উদ্ভিদ বলা হয়। জিন্মোস্পার্ম এবং অ্যাঞ্জিওস্পার্ম এই গোষ্ঠীর অন্তর্ভুক্ত।

টেরিডোফাইটস- এরা হলো সংবহন কলাযুক্ত অপুষ্পক উদ্ভিদ। এরা বীজ উৎপন্ন করে না, বরং রেনুর মাধ্যমে বংশবিস্তার করে।

**B গ্রুপের রক্তে কোন অ্যাগ্লটিনোজেন ও কোন অ্যাগ্লটিনিন উপস্থিত থাকে?**

[A] B এবং অ্যান্টি B

[B] A এবং অ্যান্টি A

[C] B এবং অ্যান্টি A

[D] A এবং অ্যান্টি B

**✓ সঠিক উত্তর: [C] B এবং অ্যান্টি A**

**Explanation** → অ্যাগ্লটিনোজেন- এটি লোহিত রক্তকণিকার পর্দায় থাকে। রক্তের গ্রুপ যা, অ্যান্টিজেনও তাই হয়। অর্থাৎ, B গ্রুপের রক্তে 'B' অ্যান্টিজেন থাকে।

অ্যাগ্লটিনিন: এটি রক্তরসে বা প্লাজমায় থাকে। এটি সবসময় অ্যান্টিজেনের বিপরীত হয় (যাতে নিজের রক্ত নিজে জমাট না বাঁধে)। তাই B গ্রুপের রক্তে অ্যান্টি-A অ্যান্টিবডি থাকে।

যে প্রাণীরা ডিম পাড়ে তাদেরকে বলে-

[A] জরায়ুজ

[B] মাংসাশী

[C] অণুজ

[D] কোনোটিই নয়

✓ সঠিক উত্তর: [C] অণুজ

**Explanation** → অণুজ- যেসব প্রাণী ডিম পাড়ে এবং সেই ডিম ফুটে সন্তান জন্ম নেয়, তাদের অণুজ প্রাণী বলে। যেমন- পাখি, সাপ, মাছ ইত্যাদি। জরায়ুজ- যেসব প্রাণী সরাসরি পূর্ণাঙ্গ সন্তান প্রসব করে, তাদের জরায়ুজ প্রাণী বলে। যেমন- মানুষ, গরু, বাঘ ইত্যাদি।

নীচের থেকে সঠিক জোড়টি খুঁজে বার করোঃ

[A] অগ্ন্যাশয়-মিশ্র গ্রন্থি

[B] প্লীহা-অন্তঃক্ষরা গ্রন্থি

[C] ডিম্বাশয়-বহিঃক্ষরা গ্রন্থি

[D] ত্বক-মিশ্র গ্রন্থি

✓ সঠিক উত্তর: [A] অগ্ন্যাশয়-মিশ্র গ্রন্থি

**Explanation** → অগ্ন্যাশয়- এটি একটি মিশ্র গ্রন্থি কারণ এর বহিঃক্ষরা অংশ থেকে পাচক রস এবং অন্তঃক্ষরা অংশ থেকে ইনসুলিন ও গ্লুকাগন হরমোন নিঃসৃত হয়।

প্লীহা- এটি কোনো অন্তঃক্ষরা গ্রন্থি নয়; এটি মূলত লসিকা তন্ত্রের অংশ এবং রক্ত পরিশোধনে সাহায্য করে।

ডিম্বাশয়- এটি একটি মিশ্র গ্রন্থি

ত্বক- এটি প্রধানত একটি রেচন অঙ্গ, এটি মিশ্র গ্রন্থি নয়।

কোনো অরণ্যে যখন কোনো একটি বিশেষ তৃণভোজীর সংখ্যা বৃদ্ধি পায় তখন খাদ্যের জন্য কোন প্রকার সংগ্রাম দেখা যায়?

- [A] অন্তঃপ্রজাতি
- [B] আন্তঃপ্রজাতি
- [C] A এবং B উভয়ই
- [D] এগুলির কোনোটিই নয়

✓ সঠিক উত্তর: [A] অন্তঃপ্রজাতি

**Explanation** → অন্তঃপ্রজাতি সংগ্রাম- যখন একই প্রজাতির অন্তর্ভুক্ত সদস্যদের মধ্যে খাদ্য, বাসস্থান বা প্রজনন সঙ্গী নিয়ে প্রতিযোগিতা হয়। তাদের অন্তঃপ্রজাতি সংগ্রাম বলে।



আন্তঃপ্রজাতি সংগ্রাম- এটি ভিন্ন দুটি প্রজাতির মধ্যে লড়াই (যেমন বাঘ ও সিংহের মধ্যে হরিণ শিকার নিয়ে লড়াই)।

# ANM & GNM 2026


প্র্যাকটিস সেট

with

FREE GK 10/10 BOOKLET



EXAM BANGLA PUBLICATION



কোষচক্রের ইন্টারফেজের কোন উপদশায় DNA -এর পরিমাণ 2C থেকে 4C হয়?

[A] G1

[B] S

[C] G2

[D] G0

✓ সঠিক উত্তর: [B] S

**Explanation** → G1 দশা- কোষের বৃদ্ধি ঘটে এবং প্রোটিন তৈরি হয়।

S দশা- এই দশায় DNA-এর প্রতিলিপিকরণ ঘটে। ফলে কোষে ডিএনএ-এর পরিমাণ দ্বিগুণ হয়ে যায় (2C থেকে 4C)। কিন্তু ক্রোমোজোম সংখ্যা অপরিবর্তিত থাকে।

G2 দশা- বিভাজনের ঠিক আগের প্রস্তুতি দশা।

G0 দশা- যে অবস্থায় কোষ আর বিভাজিত হয় না (যেমন- স্নায়ুকোষ)।

বেশি শারীরিক পরিশ্রমের পর আমাদের গায়ে ব্যথা হওয়ার কারণ হল-

[A] আমাদের দেহে ইউরিয়া জমে যাওয়া

[B] আমাদের পেশিতে ল্যাকটিক অ্যাসিড জমে যাওয়া

[C] আমাদের রক্তে ইথাইল অ্যালকোহল জমে যাওয়া

[D] আমাদের পেশিতে গ্লুকোজ জমে যাওয়া

✓ সঠিক উত্তর: [B] আমাদের পেশিতে ল্যাকটিক অ্যাসিড জমে যাওয়া।

**Explanation** → যখন আমরা খুব বেশি শারীরিক পরিশ্রম করি, তখন পেশিতে অক্সিজেনের অভাব দেখা দেয়। এই অবস্থায় পেশি কোশ অক্সিজেনের অনুপস্থিতিতে অবাধ শ্বসন প্রক্রিয়ায় শক্তি উৎপাদন করে। এই প্রক্রিয়ায় গ্লুকোজ আংশিকভাবে ভেঙে গিয়ে ল্যাকটিক অ্যাসিড তৈরি করে এবং পেশিতে জমা হতে থাকে। এর ফলেই পেশিতে ক্লান্তি আসে এবং গায়ে ব্যথা অনুভূত হয়। একে 'পেশির অবসাদ' বলা হয়।

EXAM BANGLA PUBLICATION PRESENTS:

# ANM GNM 2026 - FREE ONLINE MOCK TESTS

৫টি  
ফ্রি টেস্ট

পরীক্ষা ২০২৬:  
প্রস্তুতি শুরু করুন

1



অনলাইনে  
বাড়িতে বসে দিন

যেকোনো সময়, যেকোনো  
জায়গা থেকে

2



সাথে সাথে রেজাল্ট  
ও স্কোর কার্ড

সঠিক উত্তর ও প্রোগ্রেস চেক

3



র‍্যাঙ্ক লিস্ট  
প্রকাশিত হবে

আপনার পজিশন জানুন দেশজুড়ে

4



ফ্রি পিডিএফ  
ডাউনলোড:  
উত্তর ও ব্যাখ্যা সহ  
সম্পূর্ণ সমাধান ও ডিটেইলস

প্রিপারেশন সহজেই

অংশ নিতে হোয়াটসঅ্যাপে জয়েন করুন



হোয়াটসঅ্যাপে জয়েন করুন

অনলাইনে জয়েন করতে আমাদের গ্রুপে যুক্ত হন  
স্ক্যান করুন বা লিংকে ক্লিক করুন



# Keep Practicing, Keep Improving!

- নিয়মিত Mock Test দাও।
- PYQ বারবার revise করো।
- Weak topic গুলো identify করে improve করো।

**“Success আসবে তাদের কাছেই, যারা নিয়মিত practice করে।”**

**Follow & Stay Connected**

